ভোরের কাগজ

তারিখ ... FEB 23 2000 ... ...
পৃষ্ঠা ১১ কলাম ২ ......

31

## মাতৃভাষা দিবস উপলক্ষে স্মারক ডাকটিকিট প্রকাশ

বাংলাদেশ ডাক বিভাগ 'একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে ৪ টাকা মূল্যমানের চারটি স্মারক ডাকটিকিটের একটি সেট প্রকাশ করেছে। এ উপলক্ষে ৬ টাকা মূল্যমানের একটি উদ্বোধনী খাম প্রকাশ এবং একটা বিশেষ সিলমোহর ব্যবহার করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে এ স্মারক ডাকটিকিট অবমুক্ত করেন।

পররাষ্ট্রমন্ত্রী আবদুস সামাদ আজাদ, ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী আবদুর রৌফ চৌধুরী, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সচিব নাজমুল আহসান চৌধুরী, বাংলাদেশ ডাকবিভাগের মহাপরিচালক আতাউর রহমান, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের যুগ্মসচিব নজরুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক রবীন্দ্রনাথ দাশ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তথ্যবিবরণী।